তারিখ ... ২৩.৩.৮৫ ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

দৈনিক বাংলা

039

# মন্ত্রণালয়ের পাঠানো সার-সংক্ষেপে বানান ভুল প্রসঙ্গ

(স্টাফ রিপোর্টার)

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসকের কাছে মন্ত্রণালয়-সমূহ থেকে বাংলা ভাষায় যেসব সার-সংক্ষেপ পাঠানো হয়, তাতে বানান ভুল সম্পর্কে সতর্ক থাকার ব্যাপারে একটি সার্কুলার জারি করা হয়েছে।

প্রেসিডেন্টের সচিবালয় থেকে জারিকৃত এই সার্কুলারটিতে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বানান ভুল প্রসঙ্গ

(১ম পৃঃ পর)

সচরাচর ব্যবহৃত ৩২টি ভুল বানানের শুদ্ধ রূপ সংযোজন করা হয়েছে।

সার্কুলারটিতে বলা হয়ঃ 'মন্ত্রণালয়' শব্দটি সচিবালয়ের নথিপত্র এবং কাজকর্মে দীর্ঘ এক যুগেরও বেশী কাল ধরে ব্যবহৃত হচ্ছে। অথচ সার-সংক্ষেপের ভেতরে বারবার শব্দটি ভুল টাইপ হচ্ছে। 'সচিব' বানানটিও কেউ কেউ ভুল লেখেন। যত্ন ও মনোযোগের অভাব ছাড়া এর কারণ আর কি হতে পারে?

যেসব বানান ভুল লেখা হয়, তার মধ্যে রয়েছেঃ পাঁচসালা, ভুল, সুষ্ঠু, সিদ্ধান্ত, মূল্য, ক্যাবিনেট, বাঞ্ছনীয়, বিরুদ্ধে, চূড়ান্ত, বায়, প্রশিক্ষণ, শস্য, ব্যাখ্যা, অধীন ইত্যাদি।